আতুড়ঘরেও চড়া সবজির দাম!

সারাদেশে সবজির চাহিদা যোগান দেওয়ার অন্যতম উৎস স্থল মেহেরপুর। মেহেরপুরের চাহিদা মেটানোর পর প্রতিদিনই প্রায় ২০ থেকে ২৫ ট্রাক সবজি রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে রপ্তানি করা হয়। অথচ সেই মেহেরপুরেও সবজির দাম অসহনীয় ভাবে বেড়েছে। পাল্লা দিয়ে বাড়ছে নিত্যপণ্যের দামও। বাড়ছে ক্রেতাদের নাভিশ্বাস। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য নাগালের বাইরে চলে যাচ্ছে বলে অভিযোগ মধ্যবিত্ত ও নিম্ন আয়ের মানুষের।
রবিবার মেহেরপুর শহরের বড় বাজার ও হোটেল বাজার সবজি মার্কেট ঘুরে দেখা যায়, বাজারে প্রচুর সবজির আমদানি রয়েছে। নিয়মিত আসতে শুরু করেছে আগাম লাগানো শীতকালীন শাকসবজি। তবুও সকল প্রকার সবজির দাম চড়া। তবে শীতের শাকসবজি ওঠার পরপরই শাক সবজির দাম নিম্নমুখী হবে জানান অনেকেই বাজারে কেবল আলু, পেঁপে এবং কচুর দাম আগের মতোই রয়েছে।
বাজার ঘুরে দেখা গেছে, কাঁচা মরিচ ১৩০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। গত সপ্তাহ কাঁচামরিচের বাজার ছিল ১শ টাকার নিচে। এদিকে বাজারগুলোতে কাঁচামরিচ কে অনুসরণ করে পেঁয়াজের দাম কেজি প্রতি ৭৫ থেকে ৮০ টাকা দরে বিক্রি হচ্ছে। অন্যান্য বছরে বর্ষার সঙ্গে তাল মিলিয়ে কাঁচামরিচের বাজার ওঠা নামা করলেও, বর্তমানে কাঁচামরিচের দাম উঠা নামার কোন সম্পর্কই নেই।
খোঁজ নিয়ে জানা গেছে, লালশাক, পুইশাক, সবুজ ডাটাশাক পাইকারী বিক্রি ১০-১৫ টাকা, খুচরা ২০-২৫ টাকা। করোলা পাইকারী ১৮-২০ টাকা, খুচরা ২৫-৩০ টাকা। বাধাকপি পাইকারী ৩৪-৩৫ টাকা, খচরা ৪৫-৫০ টাকা। বেগুন পাইকারী ৩৪-৩৫ টাকা, খুচরা ৪০-৪৫ টাকা। শিম পাইকারী ৬৭ টাকা, খুচরা ৮০-৮৫ টাকা। ফুলকপি পাইকারী ৫৫-৬০ টাকা, খুচরা ৭০-৭৫ টাকা। রসুন পাইকারী ২৮-৩০ টাকা, খুচরা ৪০-৪৫ টাকা। পালংশাক পাইকারী ৪২-৪৪, খুচরা ৫৫-৬০ টাকা। রসুন ৩৫ থেকে ৪০ টাকা, আলু ১৬ টাকা, বেগুন ৪০ থেকে ৪৫ টাকা, কচু ১৫ টাকা, বাজারে আসা নতুন বাঁধাকপি ৪৫ থেকে ৫০ টাকা, ফুলকপি ৭৫ থেকে ৮০ টাকা, কলা ৩০ থেকে ৩৫ টাকা, পটল ৩৫-৪০ টাকা, ওল ৩৫ টাকা,ঢেঁড়স ৩৫ টাকা, শিম ৮০ থেকে ৯০ টাকা, লালশাক ২৫ টাকা, পুঁইশাক ২৫ টাকা, লাউ ৩০ টাকা পিচ, কুমড়া ৩০ টাকা পিচ, পেঁপে ১৫-২০ টাকা কেজি, করোল্লা ৪০ টাকা,আদা ১০০ টাকা,খিরা ৪০ টাকা, মিষ্টি কুমড়া ৩০ টাকা কেজি দরে বিক্রি হতে দেখা গেছে।
স্থানীয় ব্যবসায়ীরা জানান, পাইকারি দাম বেড়ে যাওয়ায় তারা দাম

তিনি আরো বলেন, এবছর সাড়ে ৪ হাজার হেক্টর জমিতে সবজি চাষ হয়েছে এবং ফলনও খুব ভালো হয়েছে। তবে বাজার ব্যবস্থাপনার সুষ্ট বন্টন করতে পারলে সবজিসহ সকল পণ্যের দাম নিয়ন্ত্রণে থাকবে।

গাংনীতে ওএমএস বিশেষ কার্যক্রমে প্রতিদিন চাল পাচ্ছেন ৯০০ পরিবার

মেহেরপুরের গাংনী উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত প্রণোদনা প্যাকেজে এর ওএমএস বিশেষ কার্যাক্রমের আওতায় প্রতিদিন সুবিধা পাচ্ছেন গাংনী পৌরসভাসহ উপজেলার বিভিন্ন গ্রামের অন্ততঃ ৯০০ পরিবার।

প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত গাংনীতে ডিলারের মাধ্যমে দেয়া হচ্ছে ওএমএস সুবিধা। এতে প্রতি জনকে ৫কেজি চাউল ৩০ টাকা ও কেজি আটা, ১৮ টাকা কেজি দরে বিক্রি করা হচ্ছে। ওএমএস সুবিধা থাকায় চালের বাজার চড়া থাকলেও প্রতিদিন ভিড় জমছে ওএমএস সুবিধার লাইনে। তবে এ কার্যক্রম দির্ঘদিন চালু রাখার দাবী উপকারভোগীদের।

জানাগেছে গত ২৫ জুলাই ২০২১ ইং তারিখ থেকে খাদ্য অধিদপ্তর পরিচালিত মেহেরপুেও গাংনী উপজেলায় তিনজন ডিলারের মাধ্যমে প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ৩০ টাকা কেজি দরে ৫ কেজি চাল এবং ১৮ টাকা দরে ৫কেজি আটা বিতরণ (ওএমএস) কার্যক্রম শুরু হয়েছে। এটি কার্যক্রম সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি প্রণোদনা প্যাকেজ।

সকাল থেকে বিকেল পর্যন্ত বিরতিহীন ভাবে স্বাচ্ছন্দেও সাথে লাইনে দাঁড়িয়ে উপকার ভোগীরা চাল কিনতে ভীড় করছেন। সরেজমিনে গেলে কথা হয় উপকার ভোগী ভানুয়ারা বেগমের সাথে। তিনি বলেন, সংসারে একজন উপার্জনক্ষম ব্যাক্তি। খোলা বাজারে ৫০ টাকা কেজি দরে চাল কিনে পরিবারের মুখে খাবার তুলে দেয়া খুবই কষ্টের ব্যাপার।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিজের সামর্থ অনুযায়ী সাহায্য সহযোগীতা, সমাজে নানান অসংগতি নিয়ে কথা বলা, বিপদে মানুষের পাশে দাড়ানো এবং বিশেষ করে অসহায় মানুষের চিকিৎসাসেবাই তিনি এলাকায় অনেক সুনাম কুড়িয়েছে।

দীর্ঘ আট দশ বছর যাবৎ এমন মানব সেবাই নিজেকে নিয়োজিত করে রেখেছেন তিনি। অন্যান্য রুগী ও গর্ভবতী মায়ের সিজারের রক্ত ম্যানেজ করা, অসহায় রুগীদের ফ্রি ওষুধের ব্যবস্থা, নিজের উদ্যোগে এলাকার মানুষের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প করে চিকিৎসাসেবা দেওয়া, চিকিৎসা পরবর্তী রুগিদের খোঁজখবর নেওয়া তার যেন নিত্যদিনের কাজ।

রাতের আধারেও অসহায় রুগীর ঔষধ পৌঁছে দিতে দেখা যায় তাকে। স্থানীয় জনগণের সাথে কথা বলে জানা যায়, যেকোন প্রয়োজনে যখন ডাকি তখনই প্লাবনকে পাওয়া যায়। একটা ছোট মানুষ হিসেবে মানুষের প্রতি তার যে দায়িত্ববোধ এটা সবার ভিতরে থাকে না। বিপদের সময় যাকে কাছে পাওয়া যায় সেই তো আপনজন। তেমনি প্লাবনও আমাদের অতি আপনজন। এলাকার মানুষের কিছু হলে তার ভিতরে যেন এক অস্থিরতা কাজ করে। দিন নেই রাত নেই তাকে ডাকলেই পাশে পাওয়া যায়।

প্লাবন বলেন, মানুষের কল্যাণে নিজেকে বিলিয়ে দিতে আমি আনন্দ পাই। মানুষের বিপদে নিজের শরীরের রক্ত দিয়েও পাশে থাকার চেষ্টা করেছি এখনও চেষ্টা করে যাচ্ছি। নবগঠিত বারাদি ইউনিয়নে জাসদ মনোনয়ন নিয়ে চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে সামনে অগ্রসর হচ্ছি। যদি সফল হতে পারি তাহলে একজন জনপ্রতিনিধি যে জনগণের চাকর এটা প্রমাণ করানোই হবে আমার সপ্ন এবং লক্ষ্য। এসময় একটি শোষনমুক্ত, সচ্ছ জবাবদিহিমূলক পরিষদ গঠন করতে মশাল প্রতিকে ভোট প্রার্থনা করেন জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ নুরু-উছ-সাফা প্লাবন।

দর্শনায় মিজান ফার্মেন্সীতে

মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখায় জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কেরুজ গেটের সামনে মিজান ফার্মেন্সীতে ২০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

জানা যায় সোমবার দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা জেলার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর অভিযান চালায় মিজান ফার্মেন্সীতে।

এ সময় চুয়াডাঙ্গা জেলার জাতীয় অধিকার সংরক্ষনের সহকারী পরিচালক সজল আহম্মেদ মিজান ফার্মেসীতে অভিযান পরিচালনা করে মেয়াদ উ্ত্তীর্ন ও ফ্রি সেম্পুল ঔষধ রাখায় ৩৭ ও ৫১ ধারায় ২০ হাজার টাকা জরিমানা আদায় করেন।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ১

চুয়াডাঙ্গায় সোমবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ১ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন।

নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯৩ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ সোমবার ৪৫ জনের নমুনা সংগ্রহ করেছে।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৮ হাজার ২৭৩ জন।এ দিকে ৫০ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ৩০ হাজার ১১৩ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ১ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা

আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯৩ জনে। সোমবার কোনো করোনা রোগী সুস্থ হয়নি ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৬১৫ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে কোনো করোনা রোগী না থাকলেও বাড়িতে আছেন ৬৯ জন। নতুন যে ১ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলায় ১ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১.২৪ শতাংশ।

দর্শনা পুরাতন বাজার পুজা মন্দিরের ৫০ বছর পূর্তি উৎসব

দর্শনা পুরাতন বাজার পূজা মন্দিরের বয়স ৫০ বছর পূর্তি হয়েছে। দিবসটি স্মরণীয় করে রাখতে মন্দির কমিটি গ্রহন করেছে দিনব্যাপি ব্যাপক কর্মসূচি। কর্মসূচির শুরুতে সোমবার বিকাল ৩ টার দিকে মন্দির চত্তর থেকে বের করা হয় বণাঢ্য র্যালি।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করেছে। “সুবর্ণ রেখার কালে, এসো আনন্দময়ী, আঘাত দুরে ঠেলে” এ প্রতিবাদ্যকে ধারণ করে সন্ধ্যায় মন্দির চত্তরে মঙ্গল প্রদীপ প্রজ্জলনের মধ্যদিয়ে শুরু হয় আলোচনা সভা।

হিন্দু সম্প্রদায় নেতা ডাঃ দুলাল চন্দ্র দে’র সভাপতিত্বে সভায় আলোচনা করেন, মন্দির পরিচালনা কমিটির সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ।

অন্যান্যের মধ্যে আলোচনা করেন কমিটির সাধারণ সম্পাদক অনন্ত সান্তারা মঙ্গল, অবনি মোহন সান্তারা, ভোলানাথ চক্রবর্তি, জয়ন্ত সিংহ রায়, সুভেনন্দ্রনাথ শান্ত, মদন মহন সাহা, মুকুল দেবনাথ, অমল

পাল, আসুতোষ, দিপক দাস, কার্ত্তিক সাহা, কাজল সাহা, শৈলেন শান্তারা, পল্টু শিল, শুভ্রত বিশ্বাস, সাধন, নির্মল দেবনাথ প্রমুখ।।

চুয়াডাঙ্গার হিজলগাড়ী সিটি ব্যাংকের মালিকের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

চুয়াডাঙ্গার হিজলগাড়ী বাজারে অবস্থিত এজেন্ট সিটি ব্যাংকের মালিক শরিফ উদ্দিনের বিরুদ্ধে গ্রাহকদের সাথে প্রতারণার অভিযোগ উঠেছে। লোন দেবার নামে করে বাড়ি বাড়ি গিয়ে ব্যাংকে এ্যাকাউন্ট খুলিয়ে হাতে মাটা অংকের চেকবই ধরি দিয়েছে।

লোন বা লেনদেন তো দুরের কথা সারাখন ব্যাংক বন্ধ রেখে ব্যাংকের আড়ালে শরিফ উদ্দিন বিদেশি হুণ্ডির কোটি কোটি টাকার কারবার চালিয়ে যাচ্ছেন।

বিষয়টি তদন্তের দাবি জানিয়েছেন প্রতারিত গ্রাহকসহ এলাকাবাসি। অভিযোগে জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ছোটসলুয়া গ্রামের মৃত ঝড়ুমণ্ডলের ছেলে মালয়েশিয়া ফেরত শরিফ উদ্দিন এলাকার একজন স্বিকৃত হুণ্ডি কারবারি।

হুণ্ডির কারবার করতে গিয়ে কয়েকবার পুলিশের হাতে ধরাও পড়েছেন। পুলিশের হাতে ধরা পড়লেও কৌশলে নিজেকে ছাড়িয়ে নিয়েছেন। বিদেশ থেকে আসা হুণ্ডির টাকার কারবার প্রশাসনের চোখ এড়িয়ে করার জন্য কিছুদিন আগে হিজলগাড়ী বাজারে মুক্তিযোদ্ধা মার্কেটের দো তলায় সিটি এজেন্ট ব্যাংক খুলে বসেছেন।

প্রতারণার শিকার কয়েকজন গ্রাহক জানান, শুরুতে এক আধজন স্টাফ নিয়োগ দিয়ে লোন দেবার প্রতিশ্রুতিতে বাড়িতে গিয়ে গিয়ে ১ হাজার টাকার বিনিময়ে গ্রাহকদের ব্যাংক একাউন্ট খোলান। একাউন্ট খোলার পর গ্রাহকদের ওই ১ হাজার টাকার মধ্যে সাড়ে ৭শ টাকা কেটে নিয়ে ৫০

পৃষ্টার একটি চেকবই হাতে তুলে দেয়।

বর্তমানে কথিত ব্যাংকটি বন্ধ রেখে সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে সারাদিন বিদেশ থেকে আসা হুণ্ডির টাকা বিভিন্ন জায়গায় পৌছিয়ে দেবার কাজে ব্যবস্থ থাকেন। তার ব্যবহৃত মোবাইল এবং সিমের তথ্য ট্রাকিংএর মাধ্যমে বের করলে এ যাবত সরকারকে কত টাকা রাজস্ব ফাঁকি দিয়ে লেনদেন করেছেন তার তথ্য বেরিয়ে আসবে।

এরাকাবাসি জানান শরিফ উদ্দিন হুণ্ডির টাকা লেনদেন করেন বিষয়টি এলাকায় ওপেন সিকরেট। বিষয়টি এনবিআর ও গোয়েন্দা শাখাকে খতিয়ে দেখার দাবি জানিয়েছে এলাকাবাসি।

এ ব্যাপারে শরিফ উদ্দিন বলেন, লোকশানের কারণে ব্যাংক বন্ধ রেখেছে। আমি কোন হুণ্ডির টাকা লেনদেন করি না।

গাংনীর সাহারবাটি ও কাথুলী ইউনিয়নে মৎস্যজীবী লীগের কমিটি গঠন

গাংনী উপজলার ৭নং সাহারবাটি ইউনিয়নে বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। সোমবার সন্ধায় উপজেলার ঐতিহাসিক ভাটপাড়া নীলকুঠি ইকো-পার্কে জেলা ও উপজেলা কমিটির সিনিয়ন নেতৃবৃন্দরা আহবায়ক কমিটি ঘোষনা করেন।

এসময় ভাটপাড়া গ্রামের মোঃ সাজাহান আলী সভাপতি ও সাহারবাটি গ্রামের লাভলু হোসেনকে সাধারণ সম্পাদক ঘোষনা করেন। এর আগে গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন মৎস্যজীবী লীগের ইউনিয়ন কমিটি ঘোষনা করা হয়।

এ ইউনিয়নে মধু মিয়া কে সভাপতি এবং নওপাড়া গ্রামের জাহাঙ্গীর আলমকে সাধারণ সম্পাদক ঘোষনা করে ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। এসময় আসন্ন ইউপি নির্বাচনে সাহারবাটি ই্উনিয়নের নৌকা মনোনীত প্রার্থী মশিউর রহমান, গাংনী থানা মৎস্যজীবী লীগের

সভাপতি আলম হোসেন, থানা মৎস্যজীবী লীগের সাধারণ সম্পাদক খলিলুর রহমান উপস্থিত ছিলেন।

কমিটি গঠন শেষে সিনিয়র নেতৃবৃন্দরা নব গঠিত সভাপতি সাধারণ সম্পাদক নির্বাচিতদের গলায় ফুলের মালা দিয়ে শুভেচছা ও অভিনন্দন জানান।

কোটচাঁদপুরে বিএনপি নেতার শোক সভা ও দোয়া মাহফিল

কোটচাঁদপুর পৌর ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি ও বিশিষ্ঠ কাঠ ব্যবসায়ী মোঃ আতিয়ার রহমান এর মৃত্যুতে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় মেইন বাজার পৌর বিএনপি’র কার্যালয়ে এ শোক সভা অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, জেলা বিএনপি’র সদস্য আবুবক্কর বিশ্বাস, পৌর বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুর রশিদ, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, যুবদল নেতা আশরাফুজ্জামান খান মুকুল, প্রমূখ।

শোক সভা শেষে মরহুম আতিয়ার রহমানের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। হাফেজ মাওলানা নুরুন-নবী আশেকী দোয়া পরিচালনা করেন। এসময় উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।